

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ১৫. ৪. নারীদের সতীত্ব নষ্ট করা

বাইবেলীয় যুদ্ধ বিষয়ক বক্তব্যাদির মধ্যে 'নারীদের সতীত্ব নষ্ট' করার কথা অনেকবারই বলা হয়েছে। উপরে আমরা এ জাতীয় দু-একটা বক্তব্য দেখেছি। এক স্থানে বাইবেল বলছে: "শহর দখল করা হবে, ঘর-বাড়ী লুটপাট করা হবে ও স্ত্রীলোকদের সতীত্ব নষ্ট করা হবে।" (জাকারিয়া/ সখিরিয় ১৪/২)

অন্যত্র ঈশ্বর বলেন: "শক্রদের সংগে যুদ্ধ করতে গিয়ে যখন তোমাদের মাবুদ আল্লাহ তোমাদের হাতে তাদের তুলে দেবেন আর তোমরা তাদের বন্দী করবে, তখন যদি তাদের মধ্যেকার কোন সুন্দরী স্ত্রীলোককে দেখে তোমাদের কারও তাকে ভাল লাগে তবে সে তাকে স্ত্রী হিসাবে গ্রহণ করতে পারবে।" (দ্বিতীয় বিবরণ ২১/১০-১১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14563

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন